গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কয়রা, খুলনা।

স্মারক নং- ৩১.৪৪.৪৭৫৩.০০৩.০০১.৯৯.২৬- ৫৮২ তারিখ ঃ ০৪/০১/২০২৬ খ্রিঃ।

## "জলমহালের ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কয়রা উপজেলাধীন ২০ একর পর্যন্ত (বদ্ধ) নিম্নোক্ত তালিকায় উল্লিখিত জলমহালসমূহ নির্ধারিত শর্তসাপেক্ষে বঙ্গাব্দ ১৪৩৩-১৪৩৫ সন পর্যন্ত ৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। এ জন্য ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৩ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০. ০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারা প্রাপ্তির জন্য আবেদন করতে হবে।

আগ্রহী মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে চলতি বাংলা ১৪৩২ সনের আগামী ০১ মাঘ থেকে ১৫ই মাঘের মধ্যে (১৫-০১-২০২৬ খ্রি. তারিখ হতে ২৯-০১-২০২৬ খ্রি. তারিখ) অনলাইনে আবেদন দাখিল করতে হবে। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনলাইনে দাখিলকৃত আবেদনের সকল প্রিন্টেড কপিসহ জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের **মূলকপি** ও আবেদন বাবদ জমাকৃত চালানের **মূলকপি** সীলগালা মুখবন্ধ খামে অফিস চলাকালীন আবশ্যিকভাবে এ কার্যালয়ে দাখিল করতে হবে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং এ সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের জারিকৃত পরিপত্র/নির্দেশনার আলোকে প্রাপ্ত আবেদনসমূহ নির্ধারিত সিডিউল মোতাবেক যাচাই-বাছাইঅন্তে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় জলমহাল ইজারার সিদ্ধান্ত গৃহীত হবে।

### ১৪৩৩ - ১৪৩৫ মেয়াদে কয়রা উপজেলার ২০ একরের নিম্নে ইজারাযোগ্য জলমহালের তালিকা ঃ

| ক্রমিক নং | জলমহালের নাম | মৌজার নাম | আয়তন (একরে) | সম্ভাব্য ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | চৌকুনির খাল | চৌকুনী | ১৪.৫৪ | ৮৪,৫৯৯/- | আদালতের নিষেধাজ্ঞা অংশ বাদে |
| ২. | ভাদ্দুরের খাল | চন্ডিপুর | ৪.৪৫ | ১০,৮২০/- | |
| ৩. | দোহামাথার খাল | হড্ডা | ৮.৭৮ | ২১,৩৪৫/- | |
| ৪. | পূর্বখাল উত্তর মাথা | অটরা | ৪.৮৫ | ৫৫,০৭৫/- | |
| ৫. | পশ্চিম খাল পূর্ব মাথা | অটরা | ৩.৪৬ | ২৭,৩৬৭/- | |
| ৬. | আমাদী ইস্ট সাউথ জলকর | আমাদী | ২.৪৭ | ৬,০০৬/- | |
| ৭. | ক্ষিরোল মৌজা জলকর | ক্ষিরোল | ৭.১২ | ১৭,৩১০/- | |
| ৮. | ফতেকাটি মৌজা জলকর | ফতেকাটি | ৭.২০ | ১৯,৬৯৮/- | |
| ৯. | তেতুখালী খাল | ঘুগরাকাটি | ২.৯১ | ৩২,৭৭৬/- | |
| ১০. | দরগাবাড়ীয়া খাল | মদিনাবাদ | ১.৮৫ | ৪৫,০২৯/- | |
| ১১. | জোড়শিং বাম খাল | দঃ বেদকাশী | ৬.৪৯ | ৪৯,৮৫৮/- | |
| ১২. | কাশির খাল গোড়ার খন্ড | উঃ বেদকাশী | ১১.৯৩ | ৩৮,৫৫১/- | |
| ১৩. | চরামুখা খাল | দঃ বেদকাশী | ৯.২৮ | ৩১,৮৭৩/- | |
| ১৪. | সীমানার খাল | চৌকুণী | ৪.৬২-৪.০০=০.৬২ | ১,৫০৭/- | |
| ১৫. | মঠের খাল | খড়িয়ামঠবাড়ী | ৭.৩০ | ৪৭,২৭৮/- | |
| ১৬. | কয়রা পূর্ব খাল | কয়রা | ৫.৯৮ | ১৩,৮৪৬/- | |
| ১৭. | লালুয়া খাল | লালুয়া | ৯.৯৫ | ২৫,৫২৭/- | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৮. | বায়ের খাল | মহেশ্বরীপুর | ৬.৮০ | ১৯,১৪৫/- | |
| ১৯. | হাড়খানা খাল দঃ খন্ড | শিমুলার আইট | ৪.৭৫ | ২২,৬৮৩/- | |
| ২০. | সুন্দর বুনিয়া খাল | দঃ বেদকাশী | ১১.৮২ | ৮৪,৫০৮/- | |
| ২১. | বজবুজিয়ার খাল | কয়রা | ৫.৪৯ | ৮১,৫৫৬/- | |
| ২২. | পাটকেলখালী খাল | মহেশ্বরীপুর | ৪.৮৫ | ১৫,৯৫৬/- | |
| ২৩. | জোলাখালী (বদ্ধ) জলমহাল | কালিকাপুর | ৩.৭০ | ৮,৮২০/- | |
| ২৪. | জামতলা খেজুর তলার খাল(বদ্ধ)জলমহাল | লালুয়া | ১১.৯৬ | ৮২,৬৮৮/- | |
| ২৫. | পশুরতলা জলমহাল | উত্তর বেদকাশী | ৬.২১ | ২৭,৫৬৩/- | |
| ২৬. | ঘড়িলাল খাল | দক্ষিণ বেদকাশী | ২.২০ | ৩২,১৮৩/- | |
| ২৭. | গাবরখালী খাল | বারপোতা | ১.৯২ | ৪,২০০/- | |
| ২৮. | কুটুমখালী খাল | কয়রা | ৩.৮১ | ৮,৯২৫/- | |
| ২৯. | ঘড়িলাল কাটা খাল | দক্ষিণ বেদকাশী | ১৭.২৫ | ১,৩১,২৫০/- | |
| ৩০. | বাইন মুখর ঘাটের খাল | হরিনগর | ১.১২ | ৩,১৫০/- | |
| ৩১. | পাটাকাটার খাল | উত্তর বেদকাশী | ৭.৯৩ | ৩৬,৭৫০/- | |
| ৩২. | পুটেঘেরী খাল | উত্তর বেদকাশী | ১২.২০ | ১,০৫,০০০/- | |
| ৩৩. | হায়াতখালী জলমহাল | দক্ষিণ দেয়াড়া, অন্তাবুনিয়া, হায়াতখালী, খড়িয়ামঠবাড়ী | ১৭.০০ | ২.৩৬,২৫০/- | |
| ৩৪. | গাগরামারী খাল | মদিনাবাদ | ৬.০৯ | ১,৩৬,৫০০/- | |
| ৩৫. | বটতলার খাল | বামিয়া | ১৪.১১ | ৪২,৫২৫/- | |
| ৩৬. | টেকেরখালী খাল | উলা, বগা | ৬.১৬ | ১৫,৭৫০/- | |
| ৩৭. | অর্জুনের খাল | মহারাজপুর | ১০.৫৬ | ১,৮৬,৩৭৫/- | |
| ৩৮. | সুড়িখালী খাল | মহারাজপুর | ৯.১৮ | ১,৮৩,৭৫০/- | |
| ৩৯. | মুড়িপোড়ার খাল | কয়রা | ৩.৫৮ | ৪৩,৫৭৫/- | |
| ৪০. | দোহামাথার খাল | অর্জুনপুর | ৮.৬৪ | ১,০৭,৬২৫/- | |
| ৪১. | মালিখালী খাল | মালিখালী | ১৭.৪৫ | ১,৫৭,৫০০/- | |
| ৪২. | ছোট চাঁদখালী খাল | চক গোয়ালবাটি | ১৯.৩৩ | ৪৭,২৫০/- | |
| ৪৩. | হাড়খানা খাল উত্তর খন্ড | শিমলারাইট | ৪.৭৫ | ২২,৮৩৮/- | |
| ৪৪. | সোনাখালী খাল | পাটনিখালী | ১৩.১৬ | ৭৪,৫৫০/- | |
| ৪৫. | সুদুখালী খাল | লালুয়া, শ্রীফলতলা | ৪.৫০ | ২৮,৩৫০/- | |
| ৪৬. | দেওয়ান খাল | কয়রা | ৭.০০ | ৩৬,৭৫০/- | |
| ৪৭. | ক্ষেপনা মৌজা জলকর | ক্ষেপনা | ১৩.৬৭ | ১,৩১,৭৭৫/- | |
| ৪৮. | গোবরখালী খাল | বারপোতা, কুশোডাঙ্গা, ফতেকাটি | ১১.৪০ | ৯৯,৭৫০/- | |
| ৪৯. | কলুখালী খাল | দক্ষিণ দেয়াড়া | ৯.২৮ | ১,১০,২৫০/- | |
| ৫০. | বেড়ের খাল | দক্ষিণ দেয়াড়া | ৮.৬১ | ২,৩১,০০০/- | |
| ৫১. | কাশীর দিঘী | উত্তর বেদকাশী | ১২.৫৬ | ২,৪১,৫০০/- | |
| ৫২. | শিং জোড়া বা চরামুখা গেটের খাল | দক্ষিণ বেদকাশী | ৬.৪৯ | ২,২২,৭৫০/- | |
| ৫৩. | শাকবাড়ীয়া খাল মধ্য খন্ড | অন্তাবুনিয়া | ৪.২৮ | ১৮,৩৭৫/- | |
| ৫৪. | পবনার খাল | খড়িয়া মঠবাড়ী | ৮.৯৮ | ১৯,৮০১/- | |
| ৫৫. | আংটিহারা খাল | দক্ষিণ বেদকাশী | ৯.৫৯ | ৭৭,১৭৫/- | |

**শর্তাবলী ঃ**

১। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি বা সমবায়/সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট তীরবর্তী বন্দোবস্তের জন্য আবেদন করতে পারবে। তবে এক্ষেত্রে যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতি অগ্রাধিকার পাবে। কোনো

ব্যাক্তি বা নিবন্ধনবিহীন সংগঠন আবেদন করতে পারবে না। প্রকৃত মৎস্যজীবী নিরূপণের ক্ষেত্রে এফআইডি বিবেচনায় নেয়া হবে এবং কার্ডধারী মৎস্যজীবীদের সমিতি অগ্রাধিকার পাবে।

২। কোনো মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে সমাজভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণের কেবলমাত্র সংশ্লিষ্ট জলমহালের চারপাশে নিকটবর্তী অবস্থানে বসবাসরত ক) বেকার যুবক খ) মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা সন্তান গ) যুব মহিলা ঘ) বিধবা বা স্বামী পরিত্যাক্তা ঙ) আনসার ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য চ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যাক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজ সেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতি সংশ্লিষ্ট জলমহাল ৩(তিন) বছর মেয়াদে ইজারার নিমিত্তে আবেদন করতে পারবে।

৩। আবেদনপত্র দাখিলের পূর্বে জলমহালের অবস্থান, আয়তন ইত্যাদি প্রত্যক্ষভাবে আবেদনপত্র যাচাই-বাছাই করে আবেদনপত্র দাখিল করতে হবে। এ বিষয়ে পরবর্তীতে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না। এ বিষয়ে ইজারাদাতা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে বিবেচিত হবে।

৪। আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি / সংগঠন তাদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা ঠিকানাসহ সংযুক্ত করবেন।

৫। আবেদনকারীর সমবায় সমিতি বা অন্য কোনো সমিতি বর্তমানে কার্যকর আছে, তার প্রমাণ স্বরূপ জেলা ও উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র ও বিগত ২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করবেন।

৬। আবেদনকারী কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠনের এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎসজীবি নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার অযোগ্য মর্মে বিবেচিত হবে।

৭। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলোর প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৮। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটির, গঠনতন্ত্রের কপি, ব্যাংক হিসাবের লেনদেনের প্রত্যয়নপত্রসহ সত্যয়িত ছবি সংযুক্ত করতে হবে।

৯। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি ৩ (তিন) বছর মেয়াদী ইজারা পাওয়ার জন্য সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ উৎপাদন সুষ্ঠু ব্যবস্থাপনা/পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে।

১০। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতির কার্যকর সম্পকিত প্রমাণ স্বরূপ জেলা/ উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজ সেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

১১। সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্য ২০% স্থানীয় সোনালী ব্যাংক লিঃ থেকে ব্যাংক ড্রাফট/পে-অডার্র হিসাবে জামানত উপজেলা নির্বাহী অফিসার,কয়রা, খুলনাকে সম্বোধন করে দাখিল করতে হবে।

১২। দাখিলকৃত কাগজপত্র যাচাই বাছাই করতঃ উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন সাপেক্ষে জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ শর্ত বিবেচনা করে আলাপ আলোচনার ভিত্তিতে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হবে। সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) কার্যদিবসের মধ্যে সরকারের নির্ধারিত ইজারা মূল্যসহ ৫% আয়কর ও ১৫% ভ্যাটসহ সমূদয় ইজারা মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় জামানত বাতিলসহ জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে।

১৩। মৎস্যজীবী সংগঠন/সমিতি যাচাই বাছাই এর ক্ষেত্রে কোনো জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বে কোনো জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোনো সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোনো আদালতে কোনো মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল ইজারা প্রদান করা যাবে না।

১৪। ইজারাগ্রহীতা কোনো মৎস্যজীবী সংগঠন/সমিতির নামে ইজারাকৃত জলমহাল সাব লীজ বা কোনো ব্যাক্তি গোষ্টিকে হস্তান্তর করতে পারবে না। অন্য কোনো উপায় তা ব্যবহার করতে পারবে না। যদি তাহা করে তাহলে উক্ত ইজারা বাতিল বরে গণ্য হবে। এবং জামানতসহ জমাকৃত

ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত ইজারা গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল ইজারা সংক্রান্ত কোনো আবেদন দাখিল করতে পারবে না।

১৫। কোনো সমবায় সমিতি/সংগঠন ২ (দুই)টির বেশি জলমহাল ইজারা গ্রহণ করতে পারবে না।

১৬। ১ম বছর ইজারা মূল্য পরিশোধের সংগে সংগে আবেদনকারীকে ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্টাম্পে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। ইজারা চুক্তি সম্পাদন ব্যতিত জলমহালের দখল গ্রহণ করা যাবে না।

১৭। ২ বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছরের ইজারা মূল্য একই ভাবে পরবর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে ইজারা মূল্য পরিশোধ করতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল বলে গণ্য হবে। ইজারা মূল্য পরিশোধের জন্য কোনো প্রকার নোটিশ প্রদান করা হবে না।

১৮। ইজারার মেয়াদ শেষ হলে /কোনো কারণে ইজারা বাতিল করলে সাথে সাথে জলমহালের উপর সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার শেষে কোনো জলমহালের উপর ইজারা গ্রহীতার কোনো দাবী/ অধিকার/ স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ব দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের নিকট ন্যস্ত হবে।

১৯। কোনো জলমহাল/জলমহালের অংশবিশেষের উপর মন্ত্রণালয়ের/দেওয়ানী /অন্য কোন মামলায় আদালতের স্থিতি আদেশ/নিষেধাজ্ঞা থাকলে তাহা ঐ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা না থাকলেও ইজারা বর্হিভূত থাকবে। মামলা আছে কিন্তু স্থিতিআদেশ বা নিষেধাজ্ঞার আদেশ নেই এরূপ জলমহাল ইজারা প্রদান করা যাবে।

২০। উপরোক্ত শর্তাবলী ছাড়া অন্য কোনো বিষয়ে জানার প্রয়োজন হলে অফিস চলাকালীন সংশ্লিষ্ট অফিস হতে জানা যাবে ।

০৪/০১/২৬

মোঃ আব্দুল্লাহ আল বাকী
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কয়রা, খুলনা।

স্মারক নম্বর : ৩১.৪৪.৪৭৫৩.০০৩.০০১.৯৯.২৬- ৫৮২

তারিখ ঃ ০৪/০১/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১। জেলা প্রশাসক, খুলনা।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা।
৩। প্রশাসক উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
৪। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কয়রা, খুলনা।
৫। উপজেলা সমবায় কর্মকর্তা, কয়রা, খুলনা।
৬।........................................................সদস্য উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, কয়রা, খুলনা।
৭। চেয়ারম্যান............................................ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা।
৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), কয়রা, খুলনা
৯। নোটিশ বোর্ড / অফিস নথি

০৪/০১/২৬

মোঃ আব্দুল্লাহ আল বাকী
সহকারী কমিশনার (ভূমি)(অঃদাঃ.)
সদস্য সচিব